



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/প্রশা/১০৭/২০১৭/১৩৭

২৮ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ  
তারিখ: \_\_\_\_\_  
১১ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়:- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন সকল বেসরকারী কলেজ ও স্কুলের শিক্ষকগণকে  
কর নেটের অন্তর্ভুক্ত করণ।

সূত্র:- ক: অ: বরি:/নেজা:- ৩৭/ডি. ও লেটার/২০১৬-১৭/৯২৪, তারিখ: ০৪/০১/২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উন্নয়নের অক্সিজেন রাজস্ব। সাহায্য নির্ভর অর্থনীতি থেকে অভ্যন্তরীণ সম্পদ আহরণের মাধ্যমে স্ব-নির্ভর বাংলাদেশ গঠনে সচেষ্ট রয়েছে বাংলাদেশ সরকার। সেই লক্ষ্য বাস্তবায়নে চলতি অর্থ বছরে ব্যক্তি পর্যায়ে পুরুষ করদাতার ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা ২,৫০,০০০/- টাকা এবং মহিলা করদাতার করমুক্ত আয়েরসীমা ৩,০০,০০০/- টাকা। অর্থ আইন ২০১৬ অনুযায়ী বেতন আয়ের ক্ষেত্রে মাসিক ১৬,০০০/- টাকা প্রাপ্ত সকল ব্যক্তির জন্য ই-টি আই এন গ্রহণ বাধ্যতা মূলক। একই সাথে করযোগ্য আয় থাকলে রিটার্ন দাখিলের আবশ্যিকতা রয়েছে।

এমতাবস্থায় এ বোর্ডের আওতাধীন সকল বেসরকারী কলেজ ও স্কুলের শিক্ষকগণকে কর নেটের অন্তর্ভুক্ত করণের লক্ষ্যে প্রতিষ্ঠানের শিক্ষক মন্ডলীকে ই-টি আই এন গ্রহণ ও রিটার্ন দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রয়োজনে এ বিষয়ে সংশ্লিষ্ট কর অঞ্চলের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

প্রফেসর বিপ্লব কুমার ভট্টাচার্য্য (৬৯১৯)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

ফোন: ০৪৩১৬৪৪১৭।

প্রাপক: এ বোর্ডের আওতাধীন সকল বেসরকারী কলেজ ও স্কুলের অধ্যক্ষ ও প্রধান শিক্ষক।

অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। কর কমিশনার কর অঞ্চল, বরিশাল।
- ০২। বরিশাল বিভাগের আওতাধীন সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা।
- ০৩। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি। (এ বোর্ডের আওতাধীন স্কুল ও কলেজ)।
- ০৪। সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার।
- ০৫। সংরক্ষণ কপি।